



**MALALA**  
FUND

## দুর্যোগের সঙ্গে বসবাস

গাইবান্ধা জেলা একটি দরিদ্র ও দুর্যোগপ্রবণ এলাকা। এখানে জলবায়ু পরিবর্তনের ফলে প্রতি বছরই বন্যা, নদীভাঙন, শৈত্যপ্রবাহ, তাপপ্রবাহ, ঝড়-টর্নেডো, খরা ইত্যাদি প্রাকৃতিক দুর্যোগ আঘাত হানে। তবে এই এলাকার প্রধান দুর্যোগ বন্যা। বন্যার কারণে এই এলাকার মানুষের জীবন-জীবিকা ও সম্পদ ক্ষতিগ্রস্ত হয়, প্রাণহানি ঘটে থাকে। জরুরি সতর্কবার্তা ও আগাম প্রস্তুতির মাধ্যমে মানুষের জীবন ও সম্পদরক্ষাসহ ক্ষয়-ক্ষতি কমানো সম্ভব।

### বন্যার পূর্বে করণীয়

- বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকাগুলো চিহ্নিত করা।
- আশ্রয়ের জন্য আশ্রয়কেন্দ্র, উঁচু বাধ, স্থান, স্কুল বা প্রতিষ্ঠান নির্বাচন করে রাখা।
- জরুরি অবস্থায় উদ্ধার ও স্থানান্তরের জন্য নৌকার মালিকদের সঙ্গে যোগাযোগ ও নৌকা প্রস্তুত রাখা।
- শিশু, নারী বিশেষ করে গর্ভবতী ও প্রসূতি মা, বয়স্ক, প্রতিবন্ধী ও অসুস্থদের তালিকা তৈরি করা।
- জরুরি অবস্থার জন্য শুকনো খাবার, দিয়াশলাই, মোমবাতি, জ্বালানি, বহনযোগ্য চুলা, পানি বিস্তারক ট্যাবলেট বা ফিটকিরি, খাবার স্যালাইনসহ কিছু ওষুধ সংগ্রহ ও অর্থ সঞ্চয় করে রাখা।
- বাঁশ, খুঁটি, সুতলি, দা, শাবল, কোদাল ও অন্যান্য জিনিস হাতের কাছে রাখা।
- টিউবয়েল ও ল্যাট্রিন উঁচু করে স্থাপন করা। খেয়াল রাখতে হবে এসব যেন প্রতিবন্ধী বান্ধব হয়।
- গবাদিপশু ও হাঁস-মুরগিকে টিকা দেওয়া।
- স্বাস্থ্যকর্মী, কমিউনিটি ক্লিনিক ও স্থানীয় ডাক্তারের তালিকা তৈরি ও তাদের সঙ্গে যোগাযোগ রাখা।
- স্থানীয় দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি, ইউনিয়ন পরিষদ ও ভলান্টিয়ারদের সঙ্গে যোগাযোগ ও তথ্য সংগ্রহ করে রাখা।

### বন্যা চলাকালীন করণীয়

- জরুরি অবস্থায় উদ্ধার, স্থানান্তরিত করা ও আশ্রয়কেন্দ্রে আশ্রয় নেওয়া।
- আহতদের দ্রুত চিকিৎসার ব্যবস্থা ও মৃত ব্যক্তিদের সৎকার করা।
- শুকনো খাবার, গৃহস্থালী জিনিসপত্র, সম্পদ, জরুরি দলিল ও কাগজপত্র, বীজ ও অন্যান্য জিনিসপত্র নিরাপদে রাখা।
- দুর্ঘটনা এড়াতে বৈদ্যুতিক তার ও খুঁটি থেকে নিরাপদ দূরত্ব বজায় রাখা।
- নিরাপদ পানি সংগ্রহ ও সংরক্ষণ করা। পানি ফুটিয়ে অথবা ফিটকিরি বা পানি বিস্তারক ট্যাবলেট দিয়ে জীবাণুমুক্ত করে পানকরাও রান্নায় ব্যবহার করা।
- শিশু, বয়স্ক, প্রতিবন্ধী, নারী বিশেষ করে গর্ভবতী ও প্রসূতি মা ও অসুস্থদের প্রতি বিশেষ নজর রাখা ও সেবা দেওয়া।
- আশ্রয়কেন্দ্রে নারী ও পুরুষদের জন্য আলাদা ল্যাট্রিন, গোসলখানা ও পানির ব্যবস্থা করা।
- শিশুদের জন্য আলাদা শিক্ষা, বিনোদন ও স্বাস্থ্যসেবার ব্যবস্থা করা।
- গবাদিপশুর খাবার, চিকিৎসা সেবা ও উঁচু স্থানে রাখার ব্যবস্থা করা।
- সাপের উপদ্রব থেকে রক্ষা পাওয়ার জন্য কার্বলিক এসিড ও লাইফবয় সাবান ব্যবহার করা।
- স্থানীয় দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি, ইউনিয়ন পরিষদ ও ভলান্টিয়ারদের সঙ্গে যোগাযোগ করা।
- দুর্যোগ বিষয়ে জরুরি যোগাযোগের জন্য ১০৯০ ও জরুরি সেবার জন্য ৯৯৯ নম্বরে যোগাযোগ করা।

### বন্যা পরবর্তী সময়ে করণীয়

- বন্যার পানি নেমে যাওয়ার সঙ্গে সঙ্গে আশ্রয়কেন্দ্র থেকে লোকজনকে বাড়িতে ফেরার ব্যবস্থা করা।
- ঘরবাড়ি ও আশপাশ ব্লিচিং পাউডার ব্যবহার করে পরিষ্কার-পরিছন্ন করা।
- ছেলে-মেয়েদের লেখাপড়ার ব্যবস্থা গ্রহণ ও স্কুলে পাঠানো।
- নিরাপদ পানির জন্য নলকূপ ওয়াশ, মেরামত ও পুনস্থাপন এবং ল্যাট্রিন মেরামত ও পুনস্থাপন করা।
- দ্রুত কৃষিকাজ শুরু করা এবং উচ্চফলনশীল শাকসবজি ও ফসল চাষাবাদ করা, বীজতলা তৈরি ও বীজ বপন করা।
- স্থানীয় সরকারি ও বেসরকারি সেবাদানকারী সংস্থার সঙ্গে যোগাযোগের মাধ্যমে কৃষিবীজ, সুদবিহীন ঋণ ও অন্যান্য সুযোগ-সুবিধা গ্রহণ করা।
- যারা কৃষি ভিন্ন অন্যান্য পেশায় নিয়োজিত আছেন, তাদেরও যত দ্রুত সম্ভব নিজ নিজ পেশাগত কাজ শুরু করা।

গণসংস্করণ অভিযান - এর সহযোগী সংস্থা হিসেবে ছিন্নমূল মহিলা সমিতি (এসএমএস) ফুলছড়ি উপজেলাধীন ৪টি মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের বন্যা ও এর ব্যবস্থাপনা সম্পর্কে সচেতন করে তোলার লক্ষ্যে এই উপকরণ উন্নয়ন ও প্রচারের উদ্যোগ গ্রহণ করেছে। এ উপকরণ ব্যবহারের মাধ্যমে ছাত্র-ছাত্রীরা নিজ পরিবার ও আশপাশের মানুষের মধ্যে বন্যা ও এর ব্যবস্থাপনা সম্পর্কে ধারণা বৃদ্ধি করতে সক্ষম হবে।

এই উপকরণটি **মালারা ফান্ড**-এর সহায়তায় বাস্তবায়িত একটি প্রকল্পের আওতায় প্রস্তুতকৃত এবং এটি প্রস্তুতকরণে ইন্টারনেট ও বিভিন্ন উৎস থেকে ছবি ও তথ্য সহায়তা নেওয়া হয়েছে।

সহযোগিতার জন্য প্রয়োজনে যোগাযোগ করুন :

**ছিন্নমূল মহিলা সমিতি (এসএমএস)**

পলাশবাড়ী রোড, গাইবান্ধা

ফোন: ০১৭১৫-২৩৫১৪৩ ই-মেইল: [smsgai79@gamil.com](mailto:smsgai79@gamil.com)